

জ্ঞানমূলক:

১. রানার কী অর্থে ব্যবহৃত হয়েছে?
২. 'দুর্বার' অর্থ কী?
৩. 'হরতাল' কার লেখা কাব্যগ্রন্থ?
৪. সুকান্ত কত বছর বয়সে মারা যান?
৫. সুকান্ত ভট্টাচার্যের লেখায় কী প্রতিধ্বনিত হয়েছে?
৬. রানার চললে কী বাজে?
৭. রানার কখন ছোট্টা শুরু করে?
৮. রানারের হাতে কী ঠনঠন করে?
৯. রানারকে আলো দেয় কে?
১০. রানার কখন শহরে পৌঁছে যাবে?
১১. রানারের হাতে কীসের বোঝা থাকে?
১২. কে হাতে খবরের বোঝা নিয়ে ছুটে চলছে ?
১৩. কারা আকাশে মিটমিট করে চায়?
১৪. রানারের জীবনের দুঃখ কেবল কে জানবে?
১৫. রানার বলতে কী বোঝ?

কার জামাটা ময়লা হয়েছে, কে চা খাবে, কখন খালাআম্মাকে ওষুধ খাওয়াতে হবে-প্রায় সব কাজ একা সামলায় দশ বছরের ফুলি। বাড়িরর সকলের প্রতি তার সমান দায়িত্ব। বাইরের কোনো মানুষ দেখে বুঝতেই পারবে না যে সে এ বাড়িরর কাজের মেয়ে। বাড়ির সবাই তাকে অনেক আদর-যত্নে রেখেছে। ফুলির সামান্য সর্দি-জ্বরে সবাই অস্থির হয়ে ওঠে। ফুলি নিজেকে খুব ভাগ্যবতী মনে করে।

ক. রানারের কাজ কী?

খ. রানার সূর্য ওঠাকে ভয় পায় কেন?

গ. উদ্দীপকের 'ফুলি' ও 'রানার' কবিতার রানারের সাদৃশ্য কাথায়? ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকের বাড়ির লোকজন যেন 'রানার' কবিতার কবির চেতনারই ধারক।"- উক্তিটির যথার্থতা নিরূপণ কর।